



# উত্তরা ব্যাংক লিমিটেড

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, ক্রেডিট ডিভিশন (২য় ফ্লোর)

প্রধান কার্যালয়, ৪৭ শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## কম্বল ক্রয়ের জন্য দরপত্র আহ্বান

দেশব্যাপী দুস্থ শীতাত মানুষের মাঝে কম্বল বিতরণের লক্ষ্যে প্রকৃত কম্বল ব্যবসায়ী / সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী কম্বল সরবরাহ করার জন্য মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### কম্বলের বিবরণ:

সংখ্যা	৫০,০০০ (পঞ্চাশ হাজার) কম্বল
ওজন	১২০০ গ্রাম বা তদুর্ধ্ব
আকার (সাইজ)	৫ ফুট X ৭ ফুট, সিঙ্গেল পাট
রং	বিভিন্ন রঙের

দরপত্রে অংশগ্রহণে আগ্রহী ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের যে সব যোগ্যতা থাকা অত্যাৱশ্যক:-

০১. কম্বল ব্যবসা/সরবরাহের পর্যাপ্ত অভিজ্ঞতা।
০২. যথাযথ সময়ে কার্য সম্পাদনের জন্য পর্যাপ্ত লোকবল এবং বিতরণের সক্ষমতা।
০৩. বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট/টিআইএন সার্টিফিকেট, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতা সনদ।
০৪. দরপত্রের সাথে কম্বল প্রস্তুতকারী দেশের নাম/প্রতিষ্ঠানের নাম এবং আমদানী/সরবরাহ সম্পর্কিত দলিলাদি জমা দিতে হবে।
০৫. কার্যাদেশ পাওয়ার ৭ (সাত) দিনের মধ্যে কম্বল সরবরাহ করতে হবে।

### দরপত্রে অংশগ্রহণের প্রক্রিয়া:

আগ্রহী ব্যবসায়ী/সরবরাহকারীগণ সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ১৫ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট (২য় তলা), প্রধান কার্যালয়, ঢাকা হতে “উত্তরা ব্যাংক লিমিটেড” বরাবর ৫০০/- টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিয়ে টেন্ডার শিডিউল ক্রয় করতে পারবেন। দরপত্র অবশ্যই মুখবন্ধ খামে আগামী ১৫ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে সকাল ১১:০০ টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে এবং একই দিন বিকাল ৩:৩০ টায় জমাদানকারীদের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে দরপত্র খোলা হবে।

উল্লেখ্য, যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল করার সিদ্ধান্ত সম্পূর্ণভাবে ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মহাব্যবস্থাপক

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট